ফাতওয়া নাম্বার: ৫৭২ প্রকাশকালঃ১৬-০৭-২০২৫ ইং

জামাআতে নামায পড়া যায় না এমন চাকরি করা যাবে কি?

প্রশ্ন:

আমি সৌদি আরবে খ্রিস্টানদের টয়লেট পরিষ্কারের কাজ করি। তাই পাঁচ ওয়াক্ত নামায জামাআতে পড়তে পারি না। জানার বিষয় হলো, এই চাকরি কি করা যাবে?

- আব্দুল্লাহ

উত্তর:

একজন মুসলিমের জন্য এমন চাকরি করা উচিত নয়, যে চাকরির কারণে জামাআতের সঙ্গে নামায আদায় করা যায় না। আর কাফেরদের অধীনেও একজন মুসলিমের জন্য অপমানজনক কোনো কাজ করা জায়েয নয়। সুতরাং আপনি অবিলম্বে এমন একটি কাজ খুঁজে নেয়ার চেষ্টা করুন, যেখানে পাঁচ ওয়াক্ত সালাত জামাআতে আদায় করতে পারবেন এবং অমুসলিমদের অধীনে অপমানজনক কাজ করা থেকেও মুক্তি পাবেন। -শরহুল

বুখারী লিবনিল বাত্তাল: ৬/৪০৩; ফাতহুল বারী: ৪/৪৪২; নাইলুল আওতার: ৫/৩৩৬, ফাতাওয়ায়ে বাযযাযিয়া: ২/৬৪

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০৭-০১-১৪৪৭ হি.

০৩-০৭-২০২৫ ঈ.